



মন্ত্রী

অর্থ মন্ত্রণালয়

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

বাণী

বর্তমান বিশ্বের যে কোন দেশের ইতিবাচক পরিবর্তন সম্পূর্ণভাবে সে দেশের অর্থনৈতিক সম্পর্কের উপর নির্ভর করে। আমাদের সম্মিলিত প্রচেষ্টার ফলশ্রুতিতে বাংলাদেশ আজ স্বল্প আয়ের দেশের গণ্ডি পেরিয়ে নিম্ন মধ্যম আয়ের দেশ হিসেবে বিশ্ব দরবারে পরিচিতি লাভ করেছে। আমাদের লক্ষ্য বাংলাদেশকে ২০২১ সালের মধ্যে মধ্যম আয়ের দেশে এবং ২০৪১ সালের মধ্যে উন্নত দেশে পরিণত করা। এটা আমাদের স্বপ্ন এবং অঙ্গিকারও বটে।

ক্ষুধা, দারিদ্র, নিরক্ষরতা, অবিচার, অনিয়ম ও দুর্নীতিমুক্ত একটি উন্নত দেশ হিসাবে বাংলাদেশকে দেখতে চাওয়ার প্রচেষ্টা হিসেবে আমরা শুধু স্বপ্ন দেখছি না বাস্তবায়নও শুরু করেছি। অগ্রযাত্রার এ ধারা অব্যাহত রাখতে তৈরি হয়েছে ৭ম পঞ্চবার্ষিকী পরিকল্পনা এবং আমাদের তা বাস্তবায়ন করতে হবে সর্বোচ্চ Integrity দিয়ে। অর্থনৈতিক সম্পর্ক বিভাগের সকল কর্মচারী এ দায়িত্ব পালনে সদা তৎপর আর তারই এক প্রামাণ্য দলিল তাদের এ বার্ষিক প্রতিবেদন ২০১৬-২০১৭।

প্রতিবেদনটিতে ২০১৬-২০১৭ অর্থবছরে গৃহিত এবং বাস্তবায়িত বিভিন্ন উন্নয়ন প্রকল্পে বৈদেশিক অর্থায়নের যে তথ্যচিত্র পেশ করা হয়েছে, জনগণের কাছে সরকারের স্বচ্ছতা ও জবাবদিহিতা নিশ্চিত করতে তা একটি কার্যকরী ও প্রশংসনীয় উদ্যোগ বলে আমি দৃঢ়ভাবে বিশ্বাস করি। আমি আশা করি যে, প্রকাশনাটির মাধ্যমে অর্থনৈতিক সম্পর্ক বিভাগ সম্পর্কে জনমনের বিদ্যমান ধারণা অধিকতর স্বচ্ছ হবে। পদ্মা সেতু নির্মাণ, নতুন নতুন বিদ্যুৎ কেন্দ্র স্থাপন, মেট্রো রেল প্রতিষ্ঠা, পাতাল রেলের ধারণা ইত্যাদি বৃহৎ কার্যক্রম ও পরিকল্পনার মাধ্যমে বৈদেশিক বিনিয়োগ উৎসাহিত করা এবং জাতীয় অর্থনৈতিক উন্নয়নকে ত্বরান্বিত করার উদ্দেশ্যে বৈদেশিক অর্থ সহায়তার জন্য অর্থনৈতিক সম্পর্ক বিভাগের কর্মতৎপরতা দেশের সামগ্রিক উন্নয়ন কার্যক্রমকে আরও বেগবান করেছে। সেকারণে এ বার্ষিক প্রতিবেদন ২০১৬-২০১৭ প্রকাশের প্রয়াস সন্দেহাতীতভাবে অভিনন্দিত হবে।

আমাদের স্বপ্ন ও অঙ্গিকার বাস্তবায়ন অগ্রযাত্রার এ পথে আমরা ৬ষ্ঠ পঞ্চবার্ষিকী পরিকল্পনা সফলভাবে সুসম্পন্ন করেছি। সহস্রাব্দ উন্নয়ন লক্ষ্যমাত্রার (MDG) অধিকাংশ কর্মসূচির সফলভাবে লক্ষ্য অর্জনের পর বাংলাদেশের অগ্রযাত্রা টেকসহ উন্নয়ন লক্ষ্যমাত্রা (SDG) অর্জনের পথে অব্যাহত রয়েছে। এক্ষেত্রে বৈদেশিক অর্থ যোগান প্রক্রিয়া সুষ্ঠুরূপে চালিয়ে যেতে অর্থনৈতিক সম্পর্ক বিভাগের প্রধান ভূমিকার প্রতি সারা দেশ ও উন্নয়ন সহযোগীদের দৃষ্টি নিবদ্ধ। বাংলাদেশের উন্নয়ন গতিশীল রাখতে বৈদেশিক সহায়তার সরবরাহ অব্যাহত রাখতে অর্থনৈতিক সম্পর্ক বিভাগে কর্মরত সকলকে সর্বাঙ্গিক প্রচেষ্টা অব্যাহত রাখার অনুরোধ জানাই।

পরিশেষে অর্থনৈতিক সম্পর্ক বিভাগের সকলের একক ও যৌথ প্রচেষ্টা আগামীতে অব্যাহত থাকবে এ প্রত্যাশা করছি এবং বার্ষিক প্রতিবেদন ২০১৬-২০১৭ প্রকাশের সার্বিক সফলতা কামনা করছি।

জয় বাংলা, জয় বঙ্গবন্ধু।

আবুল মাল আবদুল মুহিত, এমপি